গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সাদুল্লাপুর, গাইবান্ধা।
www.sadullapur.gaibandha.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.৩২৮২.০০০.১৮.০০২.২৬- ৯৮

তারিখঃ ১৫ মাঘ ১৪৩২
২৯ জানুয়ারি ২০২৬

## সাদুল্লাপুর উপজেলাধীন সরকারি হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি-০১/২০২৬

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ উপজেলাধীন নিম্ন তফসিল বর্ণিত হাট-বাজারসমূহ হাট ও বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা, ২০২৫ অনুযায়ী ১৪৩৩ বাংলা সালের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদের জন্য সম্পূর্ণ অস্থায়ীভাবে ইজারা বন্দোবস্তের নিমিত্ত (প্রতিটি হাট-বাজারের জন্য পৃথক পৃথকভাবে) সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সিডিউল নিম্নবর্ণিত ক্যালেন্ডার অনুযায়ী অফিস চলাকালীন (সরকারি ছুটির দিন ব্যতীত), জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা এর স্থানীয় সরকার শাখা, পুলিশ সুপারের কার্যালয়, গাইবান্ধা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সাদুল্লাপুর, গাইবান্ধা, সহকারি কমিশনার (ভূমি), সাদুল্লাপুর, গাইবান্ধা, সোনালী ব্যাংক, সাদুল্লাপুর, গাইবান্ধা, সাদুল্লাপুর থানা, সাদুল্লাপুর, গাইবান্ধা ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কার্যালয়, সাদুল্লাপুর, গাইবান্ধা হতে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে। দরপত্রসমূহ ক্যালেন্ডারে উল্লিখিত তারিখে জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা (স্থানীয় সরকার শাখা), পুলিশ সুপারের কার্যালয়, গাইবান্ধা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সাদুল্লাপুর, গাইবান্ধা এবং সহকারী কমিশনার (ভূমি), সাদুল্লাপুর, গাইবান্ধা এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে এবং ঐদিনই দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

দরপত্র দাতাকে উল্লিখিত মূল্যের ৩০% অর্থ ব্যাংক ড্রাফট এর মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে। নির্বাচিত সর্বোচ্চ দরপত্রদাতার জমাকৃত অর্থ হতে ২০% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ১০% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন না করিলে বা অন্য কোন ক্ষতি সাধন করিলে, উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর-সমাপনান্তে জামানতের অব্যবহৃত টাকা জামানতকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

দরপত্র গৃহীত হওয়ার সংবাদ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ইজারা মূল্যের অবশিষ্ট ৮০% অর্থ একটি মাত্র ব্যাংক ড্রাফট, এর মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে জমা করতে হবে। একই সাথে ইজারা মূল্যের অতিরিক্ত ১৫% অর্থ মূল্য সংযোজন কর ও ১০% অর্থ আয়কর দুইটি পৃথক ট্রেজারি চালানের মাধ্যমে সংশ্লিষ্ট খাতে একই দিনে একই সঙ্গে জমা দিতে হবে এবং ৩০০/- (তিনশত) টাকা ননজুডিশিয়াল স্ট্যাম্পে এক বছরের জন্য চুক্তি সম্পাদন করতে হবে। অন্যথায় বিধি মোতাবেক দরপত্র বাতিল করা হবে এবং জমাকৃত জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত বলে গণ্য হবে।

দরপত্র সিডিউলের শর্তাবলি বুঝে সঠিক তথ্য দিয়ে দরপত্রে অংশগ্রহণ করতে হবে। উল্লেখ্য যে, কোন পর্যায়ে বর্ণিত যে কোন হাট বাজারের দাখিলকৃত দর গ্রহণযোগ্য হলে পরবর্তী পর্যায়ে উক্ত হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি হতে বাদ হয়েছে মর্মে গণ্য হবে। দরপত্র সংক্রান্ত যাবতীয় শর্ত ও তথ্য এ অফিস হতে জানা যাবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

তফসিল ভুক্ত হাট-বাজার সমুহ:

| ক্র: নং | ইউনিয়নের নাম | হাট-বাজারের নাম | সরকারি মূল্য | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|
| ১ | ধাপেরহাট | ধাপেরহাট-বাজার | ৬,৫৭০,৬৬৭ | ১৩৮০০ |
| ২ | নলডাঙ্গা | নলডাঙ্গা হাট-বাজার | ২,৫৪১,৬৬৭ | ৫৮০০ |
| ৩ | বনগ্রাম | সাদুল্লাপুর হাট-বাজার | ৩,৫৬২,৪৩৩ | ৭৮০০ |
| ৪ | খোর্দ্দকোমরপুর | ঢোলভাঙ্গা হাট-বাজার | ২,০৯২,১০০ | ৪৮০০ |
| ৫ | ভাতগ্রাম | পঁচার বাজার হাট | ১,৪৭৭,৮৩৩ | ৩৬০০ |
| ৬ | ফরিদপুর | মিরপুর হাট-বাজার | ২,২৭২,৩৩৩ | ৫২০০ |
| ৭ | নলডাঙ্গা | নলডাঙ্গা কাচারী বাজার | ৬৯,৮৩৩ | ৫০০ |
| ৮ | দামোদরপুর | কান্তনগর বাজার | ৮৯,৬০৫ | ৫০০ |
| ৯ | ধাপেরহাট | বকশীগঞ্জ বাজার | ১,০৩৯,৩৩৩ | ২৮০০ |
| ১০ | কামারপাড়া | কামারপাড়া হাট-বাজার | ২৭৯,৪৬৫ | ১২০০ |
| ১১ | খোর্দ্দকোমরপুর | খোর্দ্দকোমরপুর হাট-বাজার | ৫৩৯,০০০ | ১৮০০ |
| ১২ | রসুলপুর | মহিষবান্দি বাজার | ৮৮,৭৯০ | ৫০০ |
| ১৩ | রসুলপুর | খোলামন্ডলের হাট | ৪,৮০০ | ৫০০ |
| ১৪ | ইদিলপুর | মহিপুর বাজার | ১৪,৬৯৫ | ৫০০ |
| ১৫ | ইদিলপুর | মাদার হাট | ৮২,০০০ | ৫০০ |
| ১৬ | ফরিদপুর | ঘেগার বাজার | ২৫,৫০০ | ৫০০ |
| ১৭ | বনগ্রাম | ইদ্রাকপুর | ৫৬,৩৬৭ | ৫০০ |
| ১৮ | জামালপুর | নাগবাড়ী বাজার | ৫১,৪৩৭ | ৫০০ |
| ১৯ | কামারপাড়া | আলিনার বাজার | ৩১,৮৩৩ | ৫০০ |

CamScanner

## ১৪৩৩ সনের হাটবাজার ইজারা ক্যালেন্ডার

| বিবরণ | দরপত্র ফরম বিক্রয়ের শেষ দিন | দরপত্র দাখিলের তারিখ | দরপত্র খোলার তারিখ |
|---|---|---|---|
| ১ম পর্যায় | ১২ ফাল্গুন ১৪৩২<br>২৫ ফেব্রুয়ারি ২০২৬ | ১৩ ফাল্গুন ১৪৩২<br>২৬ ফেব্রুয়ারি ২০২৬<br>সকাল ১০:০০ টা হতে দুপুর ১:০০ টা | ১৩ ফাল্গুন ১৪৩২<br>২৬ ফেব্রুয়ারি ২০২৬<br>বিকাল ৩:০০ টা |
| ২য় পর্যায় | ২৬ ফাল্গুন ১৪৩২<br>১১ মার্চ ২০২৬ | ২৭ ফাল্গুন ১৪৩২<br>১২ মার্চ ২০২৬<br>সকাল ১০:০০ টা হতে দুপুর ১:০০ টা | ২৭ ফাল্গুন ১৪৩২<br>১২ মার্চ ২০২৬<br>বিকাল ৩:০০ টা |
| ৩য় পর্যায় | ১৫ চৈত্র ১৪৩২<br>২৯ মার্চ ২০২৬ | ১৬ চৈত্র ১৪৩২<br>৩০ মার্চ ২০২৬<br>সকাল ১০:০০ টা হতে দুপুর ১:০০ টা | ১৬ চৈত্র ১৪৩২<br>৩০ মার্চ ২০২৬<br>বিকাল ৩:০০ টা |

ইজারা অনুমোদিত হবার ০৭ (সাত) কার্যদিবসের, মধ্যে যারা সমুদয় ইজারা মূল্য, ১০% জামানত, ১০% আয়কর ও ১৫% ভ্যাট পরিশোধ করতে সক্ষম নন তাদের আবেদন করার প্রয়োজন নেই। সিডিউলের সাথে সংযুক্ত শর্তাবলী প্রতিপালন করতে সক্ষম ব্যক্তিদের আবেদন করতে বলা হলো। নির্ধারিত সময়ে সমুদয় ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন, ১৯১৩ অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

২৯/০১/২০২৬
(মাহমুদুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
সাদুল্লাপুর, গাইবান্ধা।

স্মারক নং- ০৫.৫৫.৩২৮২.০০০.১৮.০০২.২৬- ৭৮

তারিখঃ ১৫ মাঘ ১৪৩২ / ২৯ জানুয়ারি ২০২৬

অনুলিপি ঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো-

০১। জেলা প্রশাসক, গাইবান্ধা।
০২। পুলিশ সুপার, গাইবান্ধা।
০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাইবান্ধা।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, গাইবান্ধা। .................(.........) টি সিডিউল বিক্রয়ের জন্য প্রেরণ করা হলো এবং নির্ধারিত তারিখে দরপত্র বাক্স রাখার জন্য অনুরোধ করা হলো। বিক্রিত সিডিউলের অর্থ ও অবিক্রিত সিডিউল ফেরতের জন্য সদয় অনুরোধ করা হলো।
০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, গাইবান্ধা।
০৬। প্রশাসক, উপজেলা পরিষদ, ..................................... (সকল), গাইবান্ধা।
০৭। উপজেলা নির্বাহী অফিসার ........................................ (সকল), গাইবান্ধা।
০৮। প্রশাসক, ............................ (সকল) পৌরসভা, গাইবান্ধা।
০৯। সহকারি মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক, কর্পোরেট শাখা, গাইবান্ধা।
১০। সহকারি কমিশনার (ভূমি), সাদুল্লাপুর, গাইবান্ধা। তার বরাবর ........................... টি সিডিউল বিক্রয়ের জন্য প্রেরণ করা হলো। বিক্রিত সিডিউলের অর্থ এবং অবিক্রিত সিডিউল ফেরত প্রদানের জন্য অনুরোধ করা হলো।
১১। অফিসার ইনচার্জ, সাদুল্লাপুর থানা। তার বরাবর ........................... টি সিডিউল বিক্রয়ের জন্য প্রেরণ করা হলো। বিক্রিত সিডিউলের অর্থ এবং অবিক্রিত সিডিউল ফেরত প্রদানের জন্য অনুরোধ করা হলো।
১২। উপজেলা ...........................................অফিসার (সকল), সাদুল্লাপুর, গাইবান্ধা। তাকে বিজ্ঞপ্তিটি তার কার্যালয়ের নোটিশ বোর্ডে লটকাইয়া বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৩। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, সাদুল্লাপুর, গাইবান্ধা। তার বরাবর ........................... টি সিডিউল বিক্রয়ের জন্য প্রেরণ করা হলো। বিক্রিত সিডিউলের অর্থ এবং অবিক্রিত সিডিউল ফেরত প্রদানের জন্য অনুরোধ করা হলো।
১৪। প্রশাসক/চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান ..............................ইউনিয়ন পরিষদ (সকল), সাদুল্লাপুর, গাইবান্ধা। তাকে তার এলাকায় ঢোল শহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ গ্রহণ পূর্বক একটি প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।
১৫। ইউনিয়ন ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তা ...................... ইউনিয়ন ভূমি অফিস (সকল), সাদুল্লাপুর, গাইবান্ধা। তার বরাবর ........................... টি সিডিউল বিক্রয়ের জন্য প্রেরণ করা হলো। বিক্রিত সিডিউলের অর্থ এবং অবিক্রিত সিডিউল ফেরত প্রদানের জন্য অনুরোধ করা হলো। তাকে বিজ্ঞপ্তিটি হাট-বাজারে ঢোল শহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ পূর্বক একটি প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।
১৬। বার্তা সম্পাদক, ................................................ পত্রিকা, গাইবান্ধা। তাকে আগামী ........................ তারিখের মধ্যে ন্যূনতম স্পেসে তার পত্রিকার ভেতরের পাতায় বিজ্ঞাপ্তিটি প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১৭। ইজারাদার ................................ হাট-বাজার (সকল), সাদুল্লাপুর, গাইবান্ধা।

২৯/০১/২০২৬
উপজেলা নির্বাহী অফিসার
সাদুল্লাপুর, গাইবান্ধা।

CS CamScanner